

## Third Evacuation Flight from Wuhan, China

February 27, 2020

---

### চিনের উহান থেকে নাগরিকদের সরিয়ে আনার তৃতীয় উড়ান

ফেব্রুয়ারী 27,2020

ভারত সরকার মাস্ক, গ্লাভস এবং অন্যান্য জরুরী চিকিৎসা সামগ্রী সহ 15 টন চিকিৎসা সাহায্য চিনকে 26 শে ফেব্রুয়ারী 2020 তারিখে প্রদান করে। ভারতীয় বায়ু সেনার একটি বিশেষ উড়ান সি - 17 এই সরবরাহ 26 শে ফেব্রুয়ারী সন্ধ্যার পরে চিনের উহানে পৌঁছে দেয়।

চিনে করোনা ভাইরাস (কোভিড- 19) এর প্রাদুর্ভাব এবং চিন কর্তৃক মাস্ক এবং চিকিৎসা সরঞ্জাম প্রদানের অনুরোধে এই সাহায্য প্রদান করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চিনের রাষ্ট্রপতি জি জিনপিং কে 8 ই ফেব্রুয়ারী 2020 তারিখে একটি চিঠিতে চিনের জনগণ এবং চিনের সরকারের প্রতি ভারতের জনগণ এবং ভারত সরকারের সংহতির কথা ব্যক্ত করেন এবং চিনের এই প্রয়োজনের সময় এই সহযোগিতা চিনকে উপহার হিসেবে উল্লেখ করেন। এই চিকিৎসা সামগ্রী সরবরাহ, এই সংক্রমণের প্রাদুর্ভাব যাকে বিশ্ব স্বাস্থ্য সংগঠন জন স্বাস্থ্য জরুরী অবস্থা ঘোষণা করেছে, সেটি নিয়ন্ত্রণ করার জন্য চিনের প্রচেষ্টাকে বৃদ্ধি করতে সাহায্য করবে।

এই দুই দেশ এই বছর উভয়ের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 70 তম পূর্তি উৎসব উদযাপন করেছে , সেহেতু এই সহযোগিতা চিনের জনগণের প্রতি ভারতের জনগণের বন্ধুত্ব ও সংহতির চিহ্ন স্বরূপ।

ভারতীয় বায়ু সেনার উড়ান, উহান থেকে ফেরার সময় 76 জন ভারতীয় নাগরিক ( 3 জন দূতাবাসের আধিকারিক সহ, যারা এই সরিয়ে আনার কাজের সমন্বয়ের তদারকিতে ছিলেন) এবং প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিবেশী সুলভ প্রথম নীতির পথ অনুসরণ করে 36 বিদেশী নাগরিক, যাদের মধ্যে কয়েকজন প্রতিবেশী দেশের নাগরিক, যারা ভারতে আসার জন্য সাহায্য চেয়েছিলেন, তাদেরকে ভারতে সরিয়ে নিয়ে আসে। বিদেশী নাগরিকদের মধ্যে 23 জন বাংলাদেশের, 6 জন চিনের, 2 জন

করে মায়ানমার এবং মালদ্বীপের এবং দক্ষিণ আফ্রিকা,আমেরিকা এবং মাদাগাস্কারের একজন করে নাগরিক ছিলেন।

এই দিনের উড়ান সহ মোট তিনটি উড়ানের আয়োজন করা হয়েছিল।আগের দুটি উড়ান 31 শে জানুয়ারী এবং 1 লা ফেব্রুয়ারীতে গিয়েছিল। সর্বমোট 723 জন ভারতীয় নাগরিক এবং 43 জন বিদেশী নাগরিককে এই তিনটি উড়ানে চিনের উহান প্রদেশ থেকে সরিয়ে আনা হয়েছে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারী 27,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.